

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৬.২৪.৩৪২

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১
২৮ নভেম্বর ২০২৪

বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ঢাকা সহ দেশের বিভিন্ন এলাকায় স্কুল ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীগণ শিক্ষা সংশ্লেষ বিহীন বিভিন্ন ইস্যুতে আয়োজিত সভাসমাবেশ ও মিছিলে অংশগ্রহণ করছে। ফলে শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় কোমলমতি শিক্ষার্থীরা শারীরিক ও মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাছাড়া, এ ধরনের অনাহত কার্যক্রম শিক্ষার্থীর পাশাপাশি অভিভাবকদের মাঝে নানা উৎকণ্ঠা ও উদ্বেগ সৃষ্টি করছে।

বর্ণিত প্রেক্ষাপটে, শিক্ষার্থীগণকে শিক্ষামুখী/শ্রেণিকক্ষমুখী রাখা এবং বিভিন্ন ধরনের কো-কারিকুলার কার্যক্রমে ব্যাপকভাবে সম্পৃক্ত (কো-কারিকুলার কার্যক্রমের একটি তালিকা নমুনা স্বরূপ সংযুক্ত করা হলো) রাখতে হবে। এ লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক অভিভাবকদের সম্পৃক্ত করে শ্রেণি কার্যক্রম ও কো-কারিকুলার কার্যক্রম জোরদার করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী)

উপসচিব

ফোন: ৯৫৪৫০৩২

nongovt.secondary.sec1@shed.gov.bd

কার্যক্রমের নমুনা

কর্মসূচি
১। শিক্ষা প্রতিষ্ঠানের আঙিনা পরিচ্ছন্নতা অভিযান।
২। 'বিজয়ের ৩৬ জুলাই' ভিত্তিক গ্রাফিতি অংকন। নির্বাচিত গ্রাফিতি নিয়ে সফট এলবাম তৈরী। শ্রেষ্ঠ গ্রাফিতিকে পুরস্কার প্রদান।
৩। 'ক্রান্তিকালে তারুণ্য দুর্জয়' ভিত্তিক থিমসং তৈরী ও শিক্ষা প্রতিষ্ঠানে পরিবেশন। সফট এলবাম তৈরী। শ্রেষ্ঠ থিমসংকে পুরস্কার প্রদান।
৪। গার্লস স্কুল ও কলেজে পার্সোনাল হাইজিন বিষয়ক প্রশিক্ষণ।
৫। জাতীয় দিবস 'আনুষ্ঠানিক তারুণ্য কুচকাওয়াজ' (বিএনসিসি-স্কাউট-রোভার সহযোগিতা)।
৬। 'জুলাই বিপ্লব- কি, কেন, কিভাবে' ছাত্র শিক্ষক অভিভাবকদের আলোচনা সভা।
৭। 'তারুণ্য চোখে নৈসর্গ দর্শন' শিক্ষা প্রতিষ্ঠানের নিকটস্থ নান্দনিক স্থান (নদীতীর/ চর/ উপকূল/ পাহাড়/ টিলা/ ফসলিমাঠ) দলবদ্ধ ভ্রমণ)।
৮। দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে তারুণ্য উৎসব ২৫ কে আনন্দময় করতে শিক্ষা প্রতিষ্ঠানে ক্রিকেট টুর্নামেন্ট / ভলিবল / ফুটবল খেলার আয়োজন।
৯। তারুণদের উদ্যোক্তা কর্মী হিসেবে আগ্রহী করতে Gen-Z Entrepreneur শীর্ষক বিভক প্রতিযোগিতা আয়োজন।

